# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 25-08-2025** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) SSC নিয়োগ দুর্নীতি মামলায় বড়ঞাঁর তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহাকে ইডি গ্রেফতার করেছে।

২) যেসব পুজো কমিটি ইউটিলাইজেশন সার্টিফিকেট দেয়নি, তাদের অনুদান আদৌ দেওয়া হবে কিনা কলকাতা হাইকোর্ট তা রাজ্য সরকারের কাছে জানতে চেয়েছে।

৩) আন্ডার গ্র্যাজুয়েট স্তরে নিট উত্তীর্ন সফল ছাত্র ছাত্রীদের রাজ্যের সরকারি বেসরকারি মেডিক্যাল কলেজে এমবিবিএস ও বিডিএস নিয়ে পড়াশুনোর জন্যে ভর্তির ক্ষেত্রে দুর্নীতি রুখতে রাজ্য সরকার নির্দেশিকা জারি করেছে।

৪) নদীয়ার কৃষ্ণনগরে বাড়ির মধ্যে ঢুকে এক কিশোরীকে গুলি করে হত্যার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

৫) নয়ের দশকের জনপ্রিয় অভিনেতা জয় ব্যানার্জী প্রয়াত।

০০০০০০০০০০০০০০০০০০০

SSC নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত মুর্শিদাবাদের বড়ঞার তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহাকে আজ ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে বিচারক তাকে ৬ দিনের ইডি হেফাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, বেআইনি আর্থিক লেনদেন ও হিসেব বহির্ভূত বিপুল সম্পত্তি করার অভিযোগে আজ ভোরে তার বাড়িতে হানা দেয় এনফোর্সমেন্ট নির্দেশালয় ইডি। দীর্ঘ তল্লাশির পর ফের গ্রেফতার করা হয় তাকে।

বিকেলে তাকে মুর্শিদাবাদ থেকে কলকাতায় নিয়ে আসা হয়। এরপর বিধাননগর হাসপাতালে করা হয় স্বাস্থ্য পরীক্ষা।

এস এস সি-র নবম ও দশম শ্রেণির নিয়োগ দুর্নীতি মামলাতেও বছর দেড়েক আগে গ্রেফতার হন এই বিধায়ক। পরে তিনি জামিনে মুক্তি পান।

উল্লেখ্য, নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে ইডি আজ মুর্শিদাবাদ, বীরভূম, রাজারহাট ও পুরুলিয়ায় একাধিক জায়গায় তল্লাশি চালায়। বড়ঞায় বিধায়কের বাড়ি ছাড়াও রঘুনাথগঞ্জে তাঁর শ্বশুর বাড়ি ও সাঁইথিয়া এক আত্মীয়ার বাড়িতেও তল্লাশি চালানো হয়।

বিজেপি জীবনকৃষ্ণ সাহার গ্রেফতারের ঘটনায় রাজ্য সরকারের সমালোচনা করেছে। দলের সাংসদ জগন্নাথ সরকার বলেছেন, নিয়োগ দুর্নীতি মামলায় জড়িত প্রত্যেকেই এরফলে শাস্তি পাবে।

(বাইট – জগন্নাথ সরকার)

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীও বলেছেন, তৃণমূল কংগ্রেস সবরকম দুর্নীতিতে জড়িত।

(বাইট – অধীর)

এদিকে, সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম অভিযোগ করেছেন, মুখ্যমন্ত্রী ও তার সরকার রাজ্যকে দুর্নীতির আখড়া বানিয়ে ফেলেছেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস পাল্টা অভিযোগ করেছে, কেন্দ্র এজেন্সিগুলিকে কাজে লাগিয়ে বিরোধীদের দমিয়ে রাখতে চাইছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

স্টাফ সিলেকশন কমিশন এসএসসি আজ আবারও বলেছে, কমিশন অবাধ ও স্বচ্ছ পরীক্ষা সম্পন্ন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এস এস সি-র চেয়ারম্যান এস গোপাল কৃষ্ণান আজ নতুন দিল্লিতে সাংবাদিকদের বলেন, পরীক্ষায় বিভিন্ন অনিয়ম ও কারিগরী ত্রুটি-বিচ্যুতি ঠেকাতে কমিশন এক গুচ্ছ ব্যবস্থা নিয়েছে। সঠিক পরীক্ষার্থীকে চিহ্নিত করতে এবছর জুলাইতে প্রথম শুরু হয়েছে আধার কার্ড পরীক্ষার ব্যবস্থা। এরফলে একই পড়ুয়ার বারবার পরীক্ষায় বসা কিছুটা ঠেকানো সম্ভব হবে বলে তিনি আশা-প্রকাশ করেন।

(বাইট)

পরীক্ষায় প্রশ্নপত্র নিয়ে বিভ্রাটের অভিযোগ সম্পর্কে এসএসসি-র চেয়ারম্যান বলেছেন, প্রশ্নপত্রের দায়িত্ব নির্বাচিত কিছু এজেন্সি-কে দেওয়া হয়েছে। তারা তাদের দায়িত্ব পালনে ব্যর্থ হলে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে। স্নাতকস্তরের কমাইন্ড পরীক্ষা, যেটি স্থগিত রাখা হয়েছিল, সেপ্টেম্বরের মাঝামাঝি তা নেওয়া হবে বলেও এসএসসি-র চেয়ারম্যান উল্লেখ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

আন্ডার গ্র্যাজুয়েট স্তরে নিট উত্তীর্ন সফল ছাত্র ছাত্রীদের রাজ্যের সরকারি বেসরকারি মেডিক্যাল কলেজে এমবিবিএস ও বিডিএস নিয়ে পড়াশুনোর জন্যে ভর্তির ক্ষেত্রে  দুর্নীতি রুখতে রাজ্য সরকার নির্দেশিকা জারি করেছে। কাউন্সেলিং-এর সময় অনিয়ম রুখতে সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজ ও ডেন্টাল কলেজে একজন নোডাল আধিকারিক ও সর্বোচ্চ দুইজন নির্বাচিত প্রতিনিধি বৈধ পরিচয় পত্র নিয়ে কাউন্সিলিং

হলে প্রবেশ করতে পারবেন বলে স্বাস্থ্য দপ্তরের এক নির্দেশিকায় জানানো হয়েছে। একটি কলেজে তিনজনের বেশি প্রতিনিধি কোনভাবেই কাউন্সেলিং সেন্টারে প্রবেশ করতে পারবেন না। এই নির্দেশিকা সব সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজ ও ডেন্টাল কলেজে পাঠিয়ে দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

সুপ্রিম কোর্টে আজ ওবিসি সংরক্ষণ সংক্রান্ত মামলার শুনানির কথা ছিল। তবে, প্রধান বিচারপতি বি আর গাভাই-এর বেঞ্চ এক সপ্তাহের জন্য শুনানি স্থগিত রেখেছেন। আগামী সোমবার মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্টে, দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী ও রাজশেখর মান্থার ডিভিশন বেঞ্চ গত ১৫-ই জুন রাজ্যের তৈরি নতুন ওবিসি সংরক্ষণের তালিকার ওপর স্থগিতাদেশ জারি করে। সেই নির্দেশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় রাজ্য। শীর্ষ আদালতের প্রধান বিচারপতি মাস খানেক আগে হাইকোর্টের এই নির্দেশের ওপর স্থগিতাদেশ জারি করে।

oooooooooooooooooooo

যেসব পুজো কমিটি ইউটিলাইজেশন সার্টিফিকেট, অর্থাৎ অনুদানের টাকা কীভাবে খরচ হয়েছে তার হিসাব দেয়নি, তাদের অনুদান আদৌ দেওয়া হবে কিনা কলকাতা হাইকোর্ট তা রাজ্য সরকারের কাছে জানতে চেয়েছে। দুর্গাপূজার অনুদান সংক্রান্ত জনস্বার্থ মামলায় আজ দুই বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে'র ডিভিশন বেঞ্চে মামলার শুনানি হয়। কতগুলি ক্লাব এখনো পর্যন্ত অনুদানের টাকা খরচের হিসাব দেয়নি, তার সঠিক সংখ্যা ও অনুদান দেওয়ার ক্ষেত্রে রাজ্যের যুক্তি কী—এই বিষয়ে রাজ্যের পক্ষ থেকে হলফনামা দাখিলের জন্য সময় চাওয়া হয়। আদালত রাজ্যের এডভোকেট জেনারেল কিশোর দত্তকে নির্দেশ দিয়েছে, হলফনামা দাখিল করতেই হবে। মামলার পরবর্তী শুনানি আগামী বুধবার। শুনানির সময়ে রাজ্যের

এজি বলেন, প্রত্যেক বছরই পুজোর আগে এই ধরনের মামলা করা হয়। পুজোর ছুটির পর মামলাটি শুনলে ভালো হয়। রাজ্য হলফনামা দিলে মামলাকারীদের সমস্ত বক্তব্য খারিজ হয়ে যাবে। কিন্তু বিচারপতি সুজয় পাল স্পষ্ট জানান, পুজোর পরে শুনানি করলে মামলার উদ্দেশ্য ব্যর্থ হবে।

oooooooooooooooooooo

নদীয়ার কৃষ্ণনগরের মানিকপাড়ায় বাড়ির মধ্যে ঢুকে এক কিশোরিকে গুলি করে হত্যার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ জানিয়েছে, ঈশিতা মল্লিক নামে মেয়েটি বাড়িতে একাই ছিল। সেই সময় তার পূর্ব পরিচিত এক যুবক দেবরাজ সিং ঘরের মধ্যে ঢুকে গুলি করে। পালানোর সময় ঈশিতার মা ও ভাই ফিরে আসে। ওই যুবক তখন তার মা-কে লক্ষ্য করেও গুলি ছোঁড়ার চেষ্টা করে। চিৎকারে স্থানীয় মানুষজন ছুটে এলে পালিয়ে যায় দেবরাজ। তার খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে। ডি এস পি শিল্পী পাল জানিয়েছেন।

(বাইট)

oooooooooooooooooooo

আধার কার্ড না-থাকা বা বায়োমেট্রিক যাচাই না-হওয়ার কারণে কোনও বৈধ রেশন গ্রাহককে 'খাদ্যসাথী' প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত করা যাবে না। রাজ্যের খাদ্যদপ্তর এবিষয়ে স্পষ্ট নির্দেশিকা জারি করেছে।

নির্দেশিকায় বলা হয়েছে, ৩১ আগস্টের মধ্যে প্রত্যেক জেলাশাসককে বিস্তারিত রিপোর্ট জমা দিতে হবে। সেখানে উল্লেখ করতে হবে—আধারের কারণে খাদ্যসাথী প্রকল্প থেকে কতগুলি পরিবার বঞ্চিত হয়েছে, কী ব্যবস্থা নেওয়া হয়েছে, এবং কোন্ কোন্ অভিযোগ জেলা স্তরে মেটানো যায়নি। বঞ্চনার জন্য কোনও রেশন ডিলার বা

খাদ্যদপ্তরের অফিসার দায়ী হলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথাও স্পষ্ট ভাবে উল্লেখ করা হয়েছে।

oooooooooooooooooooo

পুজোর আগে কাঁচা আনাজ সহ বিভিন্ন নিত্য প্রয়োজনীয় জিনিষের কালোবাজারি ঠেকাতে রাজ্য সরকার নিযুক্ত টাস্ক ফোর্স, বাজারগুলিতে বিশেষ নজরদারী চালাচ্ছে। টাস্ক ফোর্সের সদস্য ও এনফোর্সমেন্ট বিভাগের আধিকারিকেরা আজ দক্ষিণ কলকাতার একাধিক বাজারে হানা দেন। সঙ্গে ছিল পুলিশ। গড়িয়াহাট, ঢাকুরিয়া, হাজরা, যাদবপুর-সহ একাধিক বাজারে বিভিন্ন দোকানে গিয়ে পণ্যের দাম যাচাই করেন। খাদ্যদ্রব্যের মান যাচাইয়ের পাশাপাশি, বিক্রেতারা পণ্যের মোড়কে উৎপাদন ও মেয়াদ ফুরোনোর তারিখ দিচ্ছেন কিনা- সব দিকই খতিয়ে দেখা হয়। টাস্কফোর্সের অন্যতম সদস্য রবীন্দ্রনাথ কোলে বলেন, কয়েকটি দোকানে গরম মশলা নির্ধারিত দামের তুলনায় বেশি নেওয়া হচ্ছিল। মাছ-মাংসের ওজন নিয়েও অসঙ্গতি ধরা পড়েছে।ওই বিক্রেতাদের সতর্ক করা হয়েছে। উৎসবের মরসুমে এ ধরনের পরিদর্শন আগামী দিনেও চলবে বলে তিনি জানান।

oooooooooooooooooooo

ন-য়ের দশকের জনপ্রিয় অভিনেতা জয় ব্যানার্জি প্রয়াত। আজ সকালে বাইপাসের ধারে এক বেসরকারি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৬২ বছর। বেশ কিছুদিন ধরে শ্বাসকষ্টজনিত সমস্যায় ভুগছিলেন তিনি। জয় ব্যানার্জীর মৃত্যুতে অভিনয় জগতে শোকের ছায়া।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০

ডুয়ার্সের নাগরাকাটায় এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় তিনজন চা শ্রমিকের মৃত্যু হয়েছে। আহত বেশ কয়েকজন। এদের মধ্যে ১২ জনকে মাল সুপার স্পেশালিটি হাসপাতালে পাঠানো হয়েছে। অবস্থা আশঙ্কাজনক হওয়ায় ২ জনকে ভর্তি করা হয়েছে সি সি ইউ-তে । মৃতদের মধ্যে আছে দুই মহিলা – বছর ২৫-এর মণীষা মাঝি ও ১৮ বছরে মণীষা খালপো এবং বছর ৩৩-এর সুন্দর মাঝি। নাগরাকাটার বিডিও পঙ্কজ কোর্নার, পুলিশ ও প্রশাসনের আধিকারিকরা এবং স্বাস্থ্য দফতরের আধিকারিক ডাক্তার ইরফান মোল্লা ঘটনাস্থলে গেছেন।

উল্লেখ্য আজ সকালে নাগরাকাটা ব্লকের খয়েরকাটায় একটি পিকআপ ভ্যানে শ্রমিকদের চা-বাগানের কাজে নিয়ে যাওয়া হচ্ছিল। আপার গাটিয়ার কাছে সেটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। ঘটনাস্থলেই প্রাণ হারান তিনজন।

০০০০০০০০০০০০০০০০০০০

৯৮-তম বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আকাশবাণী কলকাতা, আগামীকাল একটি বিশেষ সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করেছে। কলামন্দির অডিটোরিয়ামে আয়োজিত ‘সুর সঙ্গম’ শীর্ষক এই অনুষ্ঠানে বিশিষ্ট সঙ্গীত শিল্পীরা অংশ নেবেন। আকাশবাণী প্রতিষ্ঠা হওয়ার পর থেকে তা’ কিভাবে সমাজ জীবনকে প্রভাবিত করেছে, সে সম্পর্কে একটি প্রতিবেদন’ও তুলে ধরা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০